



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.১১.০১৪.১৯-১৯২

তারিখ:

৮ চৈত্র ১৪২৭  
২২ মার্চ ২০২১

প্রেরক: মোহাম্মদ জহিরুল ইসলাম  
উপসচিব  
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক: প্রধান নির্বাহী কর্মকর্তা  
রাজশাহী সিটি কর্পোরেশন


বিষয়: রাজশাহী সিটি কর্পোরেশনে দৈনিক মজুরীর ভিত্তিতে শ্রমিক নিয়োগ।

সূত্র: রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারক নম্বর: ৪৬.১২.০০০০.০০৩.৩৯.৪৪৬.১৯-৩৩২, তারিখ: ২ মার্চ ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রাজশাহী সিটি কর্পোরেশনের তাৎক্ষণিক জরুরি কাজ সম্পাদনের লক্ষ্যে অর্থ বিভাগের গত ১২ অক্টোবর ২০২০ তারিখের নং: ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-১)-৯৩ এর পত্রের আলোকে দৈনিক মজুরীর ভিত্তিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে ৩০০ (তিনশত) জন শ্রমিক নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**শর্তাবলি:**

- শুধুমাত্র শ্রমিক ক্যাটাগরির পদের বিপরীতে জরুরি প্রয়োজনে দৈনিক মজুরীর ভিত্তিতে শ্রমিক নিয়োগ করা যাবে;
- জরুরি প্রয়োজনে প্রকৃত চাহিদার আলোকে দৈনিকভিত্তিতে শ্রমিক নিয়োগ করতে হবে, কোনক্রমেই জরুরি প্রয়োজন ছাড়া এবং অনুমোদিত সংখ্যার অতিরিক্ত শ্রমিক নিয়োগ করা যাবে না;
- দৈনিক মজুরীর হারে মাসিক ভিত্তিতে শ্রমিক নিয়োগ করা যাবে না;
- সিটি কর্পোরেশনের নিজস্ব বাজেট বরাদ্দ থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ খাতে অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;
- এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হতে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে;
- এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং
- এ প্রশাসনিক অনুমোদন আগামী ১(এক) বছর পর্যন্ত কার্যকর।



মোহাম্মদ জহিরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৯৫১১৬০৩

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

**অনুলিপি:**

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।